



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ডেটেরিনারি হাসপাতাল  
বরগড়া, কুমিল্লা।



২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ডেটেরিনারি হাসপাতাল, বরগড়াকুমিল্লা এর

৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. নাসরিন সুলতানা তনু, ইউএলও, বরগড়া, কুমিল্লা  
সভারতারিখ : .....২৭/০৯/২০২২.....খ্রি.  
সভারস্থান : উপজেলা প্রাণিসম্পদদপ্তরের সভাকক্ষ, বরগড়া, কুমিল্লা।  
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে অংশ গ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। বিগত সময়ের সব হিসাব-নিকাশ বাতিল করে আমাদের দরজায় এখন যে শিল্প বিপ্লবটি কড়া নাড়ছে, সেটি হচ্ছে কৃত্রিম বুদ্ধি মত্তা ভিত্তিক চতুর্থ শিল্প বিপ্লব, যার গতির দৌড় কল্পনার চেয়েও বেশি। চতুর্থ শিল্প বিপ্লবটির ভিত হচ্ছে জ্ঞান এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক কম্পিউটিং প্রযুক্তি। রোবটিক্স, আইওটি, ন্যানো প্রযুক্তি, ডেটাসায়েন্স ইত্যাদি প্রযুক্তি প্রতিনিয়ত চতুর্থ শিল্পবিপ্লবকে নিয়ে যাচ্ছে অনন্য উচ্চতায়। ইন্টারনেট প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা আর মেশিনলার্নিংয়ের কল্যাণে এখন যে বিপ্লব শুরু হয়েছে তাকেই বলে চতুর্থ শিল্প বিপ্লব।

অতঃপর চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন নিম্নোক্ত মতামত পেশ করেন।

- ১। সবশ্রেণি ও পেশার মানুষের মধ্যে চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক ধারণা প্রদান এবং চতুর্থ শিল্প বিপ্লবের সঙ্গে সম্পর্কিত অগ্রসরমান প্রযুক্তি সম্পর্কে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্যাপক প্রচার করতে হবে।
- ২। এক গবেষণা অনুযায়ী, আগামী দুই দশকের মধ্যে মানবজাতির ৪৭ শতাংশ কাজ স্বয়ং ক্রিয় কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পন্ন যন্ত্রের মাধ্যমে হবে। ২০৩০ সাল বছরটি আমাদের সর্বোচ্চ কর্মক্ষম মানুষের দেশ (১৫ থেকে ৬৪ বছর) হওয়ার বছর। এ সুযোগকে আমরা বন্ধিগোল্ডেন অপারচুনিটিফর বাংলাদেশ। ৪র্থ শিল্প বিপ্লবে রচ্যালেঞ্জ মোকাবেলায় এ গোল্ডেন অপারচুনিটিকে কাজে লাগানোর জন্য এখনই দেশের চাহিদা ও প্রযুক্তি ভিত্তিক মানবসম্পদ গড়ে তুলতে হবে।
- ৩। সক্ষমতা বৃদ্ধির জন্য কর্মকর্তা/ কর্মচারীদের ক্লাউডসার্ভার, ইন্টারনেট অবথিংস এবং কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ক প্রশিক্ষণ এর আওতায় আনতে হবে।
- ৪। সকল দপ্তর/সংস্থার চাহিদা অনুযায়ী চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী দ্রুত বাস্তবায়ন যোগ্য একটি প্রকল্প পাইলটিং আকারে বাস্তবায়ন করতে হবে। পরবর্তী কালে পাইলট প্রকল্পের কার্যকারিতা বিবেচনায় তা সম্প্রসারিত আকারে বাস্তবায়ন করা এবং সেই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে নতুন নতুন উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।
- ৫। চতুর্থ শিল্প বিপ্লবের নেতিবাচক দিক মোকাবেলা করে এর সুযোগ কাজে লাগানোর নিমিত্ত প্রাণিসম্পদ সেক্টরে উদ্ভাবন মূলককর্ম পদ্ধতি ডিজাইন এবং চালু করতে হবে। সরকারী বেসরকারী কোম্পানি, নাগরিকসমাজ, যুবসমাজ, উদ্যোক্তা, রাজনীতিবিদ, নবীন-উদ্যোগ এবং সমাজের সব স্তরের বিশেষজ্ঞদের নিয়ে সম্মিলিত ভাবে কাজ করতে হবে।
- ৬। কেবল পরিকল্পনার মধ্যে সীমাবদ্ধ না থেকে অবকাঠামো গত উন্নয়নের পাশাপাশি আমাদের প্রাণিসম্পদ খামারীদের যথাযথ ভাবে প্রস্তুত করতে হবে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, আইওটি প্রযুক্তি কাজে লাগিয়ে খামার ব্যবস্থাপনা, পণ্যসরবরাহ, প্রাণিচিকিৎসার ক্ষেত্রে চতুর্থ বিপ্লবের সুযোগ কাজে লাগানোর জন্য আরও গভীরভাবে ভাবতে হবে।

সভায় গঠনমূলক মতামত প্রদান করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*(স্বাক্ষর)*

(ডা. নাসরিন সুলতানা তনু)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
বরগড়া, কুমিল্লা।

তারিখঃ ২৭/০৯/২০২২ইং।

স্মারক নং- ৩৩.০১.১৯০৯.০০০.০৬.০১৩.২২- ০২২ (২)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ০২। সংশ্লিষ্ট নথি।

*(স্বাক্ষর)*  
২৭/০৯/২০২২

ডাঃ নাসরিন সুলতানা তনু  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
বরগড়া, কুমিল্লা।

পরিশিষ্ট - "ক"  
উপস্থিতর তালিকা

ক্রম সং	নাম	পদবী	স্বাক্ষর
১	২	৩	৪
০১	শ্রী: সোনিয়া সুলতান	আইসসসসসসস	সোনিয়া
০২	শ্রীমতী বানী চন্দ্র	সি.সি.সি.	শ্রীমতী
০৩	শ্রী: সালিম হোসেন	C.E.A	সালিম
০৪	শ্রী: মোস্তাফিজ হুসেন	বি.এস.এ.	মোস্তাফিজ
০৫	শ্রী: বিক্রম হুসেন	সুসমা	বিক্রম
০৬	শ্রী: আব্দুল আল মলিক	LEO	আব্দুল
০৭	শ্রীমতী বানু	এম.এস.এ.	শ্রীমতী
০৮	শ্রী: সুলতান হুসেন	এস, এ, এল, এ	সুলতান হুসেন
০৯	শ্রী: মুহাম্মদ হুসেন	এম, এ, এল, এ	মুহাম্মদ
১০	শ্রী: হিন্দু হুসেন	এল, এস, এ	হিন্দু
১১	শ্রী: মোস্তাফিজ হুসেন	এস, এ, এল, এ	মোস্তাফিজ
১২	শ্রী: নূরুজ্জামান হুসেন	এল, এস, এ	নূরুজ্জামান